

ভুল বোঝাবুঝি

ধড়াম করে দ্রুত দরজাটা বন্ধ করার  
পরই মনে হলো  
এই ব্যস্ততা কি ভুল বুঝবে দরজাট  
া?  
এর জোর শব্দ তো তাকে অপমান  
করাও বটে  
তা হলে কি চাবি দিয়ে খুলে আবার  
যাবো ভেতরে  
ধীরে সুস্থে এক পা এক পা এগোতে  
ক্ষমা চাইবে?  
সারা পৃথিবী তোমাকে মনে করবে প  
াগল।

সিঁড়ি দিয়ে হুঁমুড়ি নামতে নামতে  
হঠাৎ দেখতে পেলো  
একটা চড়ুই পাখির বাচ্চা চিঁ চিঁ  
করছে  
ওপরের ঘুলঘুলিতে বাসা, বাচ্চাটা  
পড়ে গেছে নিচে  
মা-পাখিটা ডাকাডাকি করছে ব্য  
াকুলভাবে  
জরি কাজের স্বি সংসার কান ধরে ট  
ানছে তোমাকে  
তবু তুমি থমকে গেলে, ফিরে অ  
াসতে শু করলে  
বাচ্চাটাকে ওর মায়ের কাছে, বাস  
ায় তুলে দিলে  
এখনো বাঁচানো যেতে পারে  
সেটাও কি জরি নয়?

মা-পাখিটা অন্য স্বরে চিৎকার করে ঘুরতে  
লাগলো  
তোমার মাথার ওপরে  
এই রে, ও কি ভাবছে, তুমি বাচ্চাটাকে  
মেরে ফেলতে চাইছো?  
মানুষ তো পাখিদের মারেই, কিংবা বন্দী  
করে  
মানুষ কি পাখিদের বাঁচায়?  
মা-পাখিটা ভয় পাচ্ছে, তোমার হাতের  
তেলোয় বাচ্চাটা  
কয়েক মুহূর্ত  
কয়েকটি মুহূর্ত  
যদি বাচ্চাটা সত্যি মরে যায়?  
সুনীল গঙ্গোপাধ্যায়

